গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৩১/২০১৮-২০১৯
ঢাকা, ২ জুন রোববার ২০১৯, ১৯ জ্যৈষ্ঠ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রতিকূল পরিস্থিতি মোকাবিলায় পরিকল্পনা নিন : ওআইসি সম্মেলনে প্রধানমন্ত্রী
২। সব রুটে যানজটমুক্ত নিরাপদ যাত্রা অব্যাহত আছে : সেতুমন্ত্রী
৩। সড়ক দুর্ঘটনারোধ করতে প্রশিক্ষণপ্রাপ্ত চালক নিয়োগ করতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৪। জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী
৫। অন-এরাইভাল ভিসা দেয়ার জন্য মরিশাসের প্রতি বিমান প্রতিমন্ত্রীর আহ্বান
৬। ঈদুল ফিতর উপলক্ষে সোনাহাটে টানা ১০ দিন
এবং হিলিতে ৭ দিন আমদানি রফতানিসহ সব কার্যক্রম বন্ধ থাকবে
৭। ঈদে গার্মেন্টস কর্মীদের জন্য বিআরটিসির ৬০টি বাস
৮। বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের মিশন শুরু আজ : প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা

চলমান পাতা-২

১। **প্রতিকূল পরিস্থিতি মোকাবিলায় পরিকল্পনা নিন : ওআইসি সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিকূল অর্থনৈতিক, প্রতিবেশ ও নিরাপত্তার সঙ্গে খাপখাওয়ানোর লক্ষ্যে ওআইসিকে ব্যাপক পরিকল্পনা গ্রহণের আহ্বান জানিয়েছেন। একইসঙ্গে তিনি রোহিঙ্গাদের আইনগত অধিকার নিশ্চিত করতে আন্তর্জাতিক আদালতে মামলা রুজুর বিষয়েও সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, অর্থনৈতিক, প্রতিবেশ এবং নিরাপত্তার চ্যালেঞ্জের মুখোমুখি এ বিশ্বে ওআইসিকে এসব চ্যালেঞ্জ মোকাবিলায় ব্যাপক পরিকল্পনা গ্রহণ করতে হবে। প্রধানমন্ত্রী গতকাল (১ জুন শনিবার) পবিত্র মক্কা নগরীতে ১৪তম ওআইসি সম্মেলনে এশীয় গ্রুপের পক্ষ থেকে প্রদত্ত ভাষণে এসব কথা বলেন। সম্মেলনের এবারের শিরোনাম 'মক্কা আল মোকাররমা শীর্ষ সম্মেলন : ভবিষ্যতের জন্য একসঙ্গে'। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সময় আবুধাবিতে অনুষ্ঠিত পররাষ্ট্রমন্ত্রীদের সম্মেলনের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, এর মাধ্যমেই জবাবদিহিতা এবং ন্যায়বিচারের প্রশ্নে রোহিঙ্গাদের আইনগত অধিকার নিশ্চিতের জন্য আন্তর্জাতিক আদালতে যাওয়ার পথ তৈরি হয়। প্রধানমন্ত্রী আরো বলেন, এ প্রক্রিয়াকে এতদূর এগিয়ে নেওয়ার জন্য আমরা গাম্বিয়াকে ধন্যবাদ জানাই। আমরা ওআইসি সদস্য রাষ্ট্রগুলোর কাছে আবেদন জানাচ্ছি এ মামলা রুজুর বিষয়ে স্বেচ্ছা তহবিল সংগ্রহ এবং কারিগরি সহযোগিতার জন্য। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

২। **সব রুটে যানজটমুক্ত নিরাপদ যাত্রা অব্যাহত আছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রাস্তা ভালো হওয়ায় এবার ঈদে সড়ক-মহাসড়কে যানজটের কোনো কারণ নেই। এমনকি ঈদের পর যাত্রীদের কর্মস্থলে ফিরতেও কোনো অসুবিধায় পড়তে হবে না। দেশের সব রুটে যানজটমুক্ত নিরাপদ যাত্রা অব্যাহত আছে। এখন পর্যন্ত কোথাও কোনো অভিযোগ পাওয়া যায়নি। গতকাল (১ জুন শনিবার) রাজধানীর মহাখালী বাস টার্মিনাল পরিদর্শনশেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪)।

৩। **সড়ক দুর্ঘটনারোধ করতে প্রশিক্ষণপ্রাপ্ত চালক নিয়োগ করতে হবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সড়ক দুর্ঘটনারোধ করতে প্রশিক্ষণপ্রাপ্ত চালক নিয়োগ করতে হবে। অনেক চালক কোনো প্রকার লাইসেন্স ছাড়াই সড়কে গাড়ি চালাচ্ছেন। এ কারণে দুর্ঘটনা বেশি ঘটছে। গতকাল (১ জুন শনিবার) চট্টগ্রাম পণ্য পরিবহণ মালিক ফেডারেশন সমিতির ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১)।

৪। **জাতীয় রাজস্ব বোর্ডের সংস্কার প্রয়োজন : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কার্যক্রমে সংস্কার প্রয়োজন। কিছু আইনের কারণে কার্যক্রমে জটিলতা তৈরি হয় বিধায় এ সংস্কার দরকার। নিয়ম ও আইনের বেড়াজালে অনেক কিছুই সময়মতো করা যায় না। বন্দর থেকে আসা রাজস্ব এনবিআরে না গিয়ে সরাসরি সরকারি কোষাগারে আসার ব্যবস্থা করতে হবে। গতকাল (১ জুন শনিবার) রাজধানীর একটি হোটেলে 'তারুণ্যের ভাবনা-প্রাক বাজেট' আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১.ক,৬)।

৫। **অন-এরাইভাল ভিসা দেয়ার জন্য মরিশাসের প্রতি বিমান প্রতিমন্ত্রীর আহ্বান**

বাংলাদেশি পর্যটকদের অন-এরাইভাল ভিসা দেয়ার জন্য মরিশাসের প্রতি আহ্বান জানালেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ মাহবুব আলী। গতকাল (১ জুন শনিবার) মরিশাসের পর্যটনমন্ত্রী অনিল কুমার গায়ানের সঙ্গে বৈঠককালে তিনি এ আহ্বান জানান। এ সময় প্রতিমন্ত্রী দু'দেশের মধ্যে পর্যটন উন্নয়নে সহযোগিতার ক্ষেত্র বাড়ানোর উদ্যোগ গ্রহণেরও আহ্বান জানান। তিনি বলেন, আধুনিক বাংলাদেশের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ তার সব বন্ধুর সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক আরও দৃঢ় করার জন্য সকল ক্ষেত্রে সহযোগিতার মানসিকতা নিয়ে কাজ করছে। প্রতিমন্ত্রী এ সময় মরিশাসে কর্মরত বাংলাদেশের কর্মীদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়েও কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক,৬)।

৬। **ঈদুল ফিতর উপলক্ষে সোনাহাটে টানা ১০ দিন এবং হিলিতে ৭ দিন আমদানি রফতানিসহ সব কার্যক্রম বন্ধ থাকবে**

ঈদুল ফিতর ও শবেকদর উপলক্ষে ১ থেকে ১০ জুন পর্যন্ত টানা ১০ দিন কুড়িগ্রামের সোনাহাট স্থলবন্দর দিয়ে সব ধরনের পণ্য আমদানি-রফতানি বন্ধ রাখার ঘোষণা দেয়া হয়েছে। সোনাহাট কাস্টমস ক্লিয়ারিং অ্যান্ড ফরোয়ার্ডিং এজেন্ট অ্যাসোসিয়েশন (সিঅ্যান্ডএফ) এ সিদ্ধান্ত নেয়।

এছাড়া দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে টানা সাতদিন বাংলাদেশ-ভারতের মধ্যে পণ্য আমদানি-রফতানি বাণিজ্যসহ বন্দরের ভেতরের সব কার্যক্রম বন্ধ থাকবে। তবে হিলি ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে দুই দেশের মাঝে পাসপোর্টধারী যাত্রী পারাপার কার্যক্রম স্বাভাবিক থাকবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৫)।

৭। **ঈদে গার্মেন্টস কর্মীদের জন্য বিআরটিসির ৬০টি বাস**

আসন্ন ঈদুল ফিতরে গার্মেন্টস শিল্পকর্মীদের রাজধানী থেকে দেশের বিভিন্ন গন্তব্যে পরিবহণের জন্য বিশেষ বাসের ব্যবস্থা করেছে রাষ্ট্রায়ত্ত সংস্থা বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন (বিআরটিসি)। বিআরটিসি'র ডেপুটি জেনারেল ম্যানেজার জানান, ঈদের ছুটিতে গার্মেন্টস কর্মীদের দেশের বিভিন্ন গন্তব্যে পরিবহণের জন্য আগামীকাল গাজীপুর চৌরাস্তায় ৩০টি বাস প্রস্তুত থাকবে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮)।

৮। **বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের মিশন শুরু আজ : প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা**

আজ ২ জুন রোববার বিশ্বকাপ ক্রিকেটের অভিযান শুরু করতে যাচ্ছে বাংলাদেশ। প্রথম ম্যাচে আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে বাংলাদেশ। লন্ডনের ওভালে আজ বাংলাদেশ সময় সাড়ে ৩টায় শুরু হবে ম্যাচটি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।